

Chittagong Hill Tracts Commission

Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou

Members:
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain, Muhammad Zafar Iqbal
Khushi Kabir, Myrna Cunningham Kain,
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

বরাবর

তারিখ: ৩ জুন ২০১৭

মি: আসাদুজ্জামান খাঁন, এম.পি
মাননীয় মন্ত্রী
স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: রাঙ্গামাটির লংগদু উপজেলায় ৬টি পাহাড়ি গ্রামে অগ্নিসংযোগের ঘটনায় জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার ও ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর নিরাপত্তা নিশ্চিত এবং যথাযথ ক্ষতিপূরণের দাবি প্রসঙ্গে।

জনাব,

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশনের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নিবেন।

পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ ও উৎকণ্ঠার সাথে লক্ষ্য করছে যে, গত ২ জুন ২০১৭ তারিখে সকালে রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলা সদরসহ টিনটিলা, বটতলা, বাউয়াপাড়া, কাউলতলা, মানিকবিছড়া, লংগদু বড়াদম গ্রামের প্রায় তিন শতাধিক পাহাড়িদের বাড়ীতে অগ্নিসংযোগ করে জ্বালিয়ে দেয়া হয়েছে। পাহাড়িদের গ্রামের ওপর সংঘবদ্ধ দুর্বৃত্তদের নির্বিচারে এ হামলার ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীরভাবে মর্মান্বিত এবং উদ্ভিন্ন।


পত্রিকাসূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার ১ জুন ২০১৭ তারিখে খাগড়াছড়ির চারমাইল নামক এলাকায় লংগদু উপজেলার যুবলীগের সাংগঠনিক সম্পাদক মো: নূরুল ইসলামের মরদেহ পাওয়া যায়। এ ঘটনাকে কেন্দ্র করে লংগদুতে পাহাড়িদের গ্রামের ওপর হামলা ও অগ্নিসংযোগ করা হয়েছে বলে জানা যায়। উল্লেখ্য যে, এ ঘটনায় গুণবালা চাকমা(৭০) নামে একজন বৃদ্ধা নিহত হয়েছেন। পার্বত্য চট্টগ্রাম কমিশন নিহত মো: নূরুল ইসলামের হত্যাকান্ডেরও তীব্র নিন্দা এবং এ হত্যাকান্ডের সাথে জড়িতদের

Chittagong Hill Tracts Commission


অবিলম্বে আইনের আওতায় এনে বিচারের দাবি জানাচ্ছে। কিন্তু এ ঘটনাকে কেন্দ্র করে একটি সাম্প্রদায়িক গোষ্ঠী আইন নিজের হাতে তুলে নিয়ে পাহাড়ীদের শত শত বাড়ীঘর জ্বালিয়ে দিয়ে এ কথাই আরেকবার প্রমাণ করলো যে, তারা দেশের সংবিধান বা প্রচলিত আইন সম্মান করেন না। সেইসাথে ক্ষমতাবানদের মদদপুষ্ট এই গোষ্ঠী আইনের উর্ধ্ব থেকে বারবার পাহাড়ে অস্থিরতা সৃষ্টি করছে। এ ধরনের ঘটনা পাহাড় এবং সমগ্র দেশের শান্তির বিপক্ষে। এ হামলার সময়ে নিরাপত্তাবাহিনীর ভূমিকা কী ছিল তা নিয়ে তদন্ত হওয়া উচিত। পার্বত্য চট্টগ্রাম কমিশন খুবই উদ্বিগ্ন যে, নিরাপত্তাবাহিনী সদস্যদের ব্যাপক উপস্থিতির মধ্যেও কিভাবে এ ধরনের হামলার ঘটনা সংঘটিত হয়েছে। ঘটনার পরে লংগদু উপজেলা প্রশাসন দুপুর ১২টার দিকে সেখানে ১৪৪ ধারা জারি করেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাই যাবার আগে স্থানীয় প্রশাসন কেন দ্রুত পদক্ষেপ গ্রহণ না করে পরিস্থিতিকে নিয়ন্ত্রণের বাইরে যাবার সুযোগ করে দিল সে বিষয়টি গুরুত্বের সাথে তদন্ত করে দেখা দরকার।

পার্বত্য চট্টগ্রাম কমিশন জোরালোভাবে দাবি জানাচ্ছে যে, অবিলম্বে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর নিরাপত্তা নিশ্চিত করে সরকারের পক্ষ থেকে তাদের জন্য যথাযথ ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করা হোক। একইসাথে এ হামলার ঘটনার সাথে জড়িতদের চিহ্নিত করে তাদের আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করার জন্য পার্বত্য চট্টগ্রাম কমিশন সরকারের কাছে আহ্বান জানাচ্ছে।

ধন্যবাদসহ



সুলতানা কামাল
কো-চেয়ারপার্সন



এলসা স্টামাতোপোলৌ
কো-চেয়ারপার্সন

পার্বত্য চট্টগ্রাম কমিশনের সদস্যবৃন্দ: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, মিনা কানিং হাম কেইন, খুশী কবির, মাইকেল ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি'কস্টা।

পার্বত্য চট্টগ্রাম কমিশনের উপদেষ্টাবৃন্দ: ইয়েনেকি এরেক্স, টম এস্কিলসন, ড. মেঘনা গুঠাকুরতা।

Chittagong Hill Tracts Commission

Co-Chairpersons:

Sultana Kamal, Elsa Stamatopoulou

Members:

Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain, Muhammad Zafar Iqbal
Khushi Kabir, Myrna Cunningham Kain,
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

সদয় অবগতি:

১. ড.গওহর রিজভী, মাননীয় প্রধামন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা।
২. শ্রীজ্যোতিরিন্দ্র বোধিপ্ৰিয় লারমা, মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ।
৩. জনাব বীর বাহাদুর উশৈচিং, মাননীয় প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৪. জনাব নববিক্রম কিশোর ত্রিপুরা, মাননীয় সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৫. জনাব একেএম শহীদুল হক, মাননীয় পুলিশ মহাপরিদর্শক, পুলিশ সদর দপ্তর।
৬. মেজর জেনারেল জাহাঙ্গীর কবীর তালুকদার, জিওসি, ২৪ পদাতিক ডিভিশন, চট্টগ্রাম।

International Secretariat:

C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark

Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06

E-mail: cn@iwgia.org

Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com

www.chtcommission.org